সংবাদ।

১৯/৩/৮১ ... কলাম ...

## সঠিকভাবে ইতিহাস রচনার আহ্বান

রাজশাহী, ১৮ই মার্চ (বাসস)।---রাষ্ট্রপতি জিয়াউর রহমান ইতিহাসবিদদের প্রতি দেশের মানুষের আশা-আকাঙ্খা প্রতিফলিত করে সঠিকভাবে ইতিহাস রচনার আহ্বান জানিয়েছেন।

গতকাল এখানে সমাপ্ত চতুর্দশ বার্ষিক জাতীয় ইতিহাস সম্মেলনে প্রেরিত এক বাণীতে রাষ্ট্রপতি বলেছেন, ইতিহাসবিদদের দায়িত্ব হচ্ছে তথ্য বিশ্লেষণ এবং ভবিষ্যৎ বংশধরদের জন্যে তা লিখে রাখা। ইতিহাসই হচ্ছে মানুষের অতীতকে জানার প্রকৃষ্ট মাধ্যম।

পরিকল্পনা মন্ত্রী জনাব ফসিহউদ্দিন মাহতাব তিনদিনের এই সম্মেলনের উদ্বোধনী ভাষণে ইতিহাসবিদদের প্রতি আজকের দিনের সাধারণ মানুষের আচার-আচরণ জরিপ করার আহ্বান জানিয়েছেন। তিনি তাদের জাতির বৃহত্তর স্বার্থে বুদ্ধিবৃত্তির অসাধুতা এবং স্বার্থান্বেষী মনোভাব পরিত্যাগ করারও আহ্বান জানান।

উপমহাদেশের ইতিহাস ও সংস্কৃতির উপর অধিবেশনে দেশ-বিদেশের প্রায় একশজন ইতিহাসবিদ অংশ নেন।

## ইতিহাস রচনা

(১ম পাতার পর)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইসলামিক ইতিহাস ও সংস্কৃতি বিভাগের চেয়ারম্যান ডঃ সুফিয়া আহমদ সম্মেলনে প্রধান বক্তা ছিলেন।

এ অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন বাংলাদেশের অধ্যাপক আবু মোহাম্মদ হাবিবুল্লাহ, ডঃ মোখলেসুর রহমান, অধ্যাপক সালাহউদ্দিন আহমদ, ডঃ এনামুল হক, ডঃ সদর আলী আকন্দ ও আবুল কালাম জাকারিয়া, ভারত থেকে অধ্যাপক অরুণ কুমার বসু, ডঃ অনুরাধা রায়, ডঃ শচীন্দ্র কুমার মাইতি, ডঃ কানাই লাল চট্টোপাধ্যায় ও ডঃ মৃণাল কুমার বসু।